

“প্রস্তাবিত যৌন হয়রানি প্রতিরোধ ও প্রতিকার আইন-২০২২” প্রয়োজনীয়তা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত।

জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম আগৌলঝাড়া উপজেলা কমিটির আয়োজনে এডুকো - বাংলাদেশ এর সহযোগিতায় গত ১৬ই এপ্রিল ২০২৩ উপজেলা কৃষি অফিস হলরুমে প্রস্তাবিত ‘যৌন হয়রানি প্রতিরোধ ও প্রতিকার আইন-২০২২’ এর প্রয়োজনীয়তা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। আগৌলঝাড়া উপজেলা পি এফ জি কোঅর্ডিনেটর জেমস রিপন বাড়ই এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অধিতি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মোঃ রইজ সেরেনিয়াবাদ।



বিশেষ অধিতি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা জনাব দৌলতুননেছা নাজমা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ মাহাবুবুর রহমান, জেলা পরিষদ সদস্য জনাব পেয়ারা বেগম, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মাহাবুবা নাগিস নিলা, আগৌলঝাড়া থানা ওসি (তদন্ত) মোঃ আলী হোসেন, বরিশাল বার কাউন্সিল সদস্য এডভোকেট আবদুর কুদ্দুস, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মালিনা রানী, উপজেলা প্রেস ক্লাব সভাপতি জনাব প্রবির ঘমারী।



কর্মশালায় উপজেলা জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সদস্যবৃন্দসহ মোট ৪০ জন অংশগ্রহণকারী অংশ গ্রহন করেন। কর্মশালায় রিসোর্স পারসন হিসাবে রিচ টু আনরিচ (রান) এর নির্বাহী পরিচালক জনাব মোঃ রফিকুল আলম উপস্থিত ছিলেন। জাতীয় সংসদের মাধ্যমে কর্মশালার সূচনা পরবর্তী অর্থিতি ও অংশগ্রহণকারীবৃন্দ স্ব স্ব পরিচয় প্রদান করেন। কর্মশালার সভাপতি জেমস রিপন বাড়াই স্বাগত বক্তব্যের মাধ্যমে সকলে শুভেচ্ছা জানান। দি হাস্কার প্রোজেক্ট- বাংলাদেশে, বরিশাল অঞ্চলের এরিয়া কোঅর্ডিনেটর মেহেদী হাসান তানভীর কর্মশালার মূল পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। পাওয়ার পয়েন্ট উপস্থাপনের মাধ্যমে ‘যৌন হয়রানি প্রতিরোধ ও প্রতিকার আইন-২০২২’ এর বিস্তারিত ও কর্মশালার উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। পরবর্তীতে মূক্ত আলোচনার মাধ্যমে উপস্থিত সকলের নিকট থেকে ‘যৌন হয়রানি প্রতিরোধ ও প্রতিকার আইন-২০২২’ এর প্রয়োজনীয়তার জন্য সুপারিশ গ্রহন করা হয়।

সুপারিশ সমূহঃ

- # সর্বস্বত্রে যৌন হয়রানি প্রতিরোধে একটি নির্দিষ্ট/আলাদা আইন প্রয়োজন, যার মাধ্যমে নির্যাতিতগণ আইনের আশ্রয় গ্রহণ করে প্রতিকার পেতে পারেন;
- # আইনটি অতি দ্রুত সময়ের মধ্যেই পাস করা প্রয়োজন;
- # আইনের বাস্তবায়নের ত্বনমূল পর্যায়ের ব্যাপক প্রচার প্রচারণা করা।
- # আইনটি সমৃদ্ধ করার লক্ষ্যে আইনটির উপরে ত্বনমূলের নারী ও কন্যাশিশুদের মতামত গ্রহণ করা।
- # পাঠ্য বইয়ে এই আইন সম্পর্কে তুলে ধরা।
- # ১৮ বছরের নিচে মোবাইল ফোন ব্যবহারে বিধিনিষেধ আরোপ করা।
- # দ্রুত সময়ের মধ্যে বিচারিক কার্য শেষ নিশ্চিত করা।
- # আইনের অপব্যবহার রোধে মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করা।
- # আইন করে অসামাজিক ওয়েবসাইট ব্যবহার বন্ধ করা।



কর্মশালায় উপস্থিত অধিতিরাজাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামকে ধন্যবাদ জানান যৌন হয়রানি প্রতিরোধ ও প্রতিকার আইনের প্রণয়নে অ্যাডভোকেসি করার জন্য। স্থানীয় ভাবে কর্মশালাকে সভাই সাধুবাদ জানায় ও সভাপতির সমাপনি বক্তব্যের মাধ্যমে কর্মশালা সমাপ্ত ঘোষণা করা হয়।

সমাপ্ত